



বার্ষিক প্রতিবেদন ২০২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

উপজেলা পরিসংখ্যান কার্যালয়

মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

ভিশন:

সার্বজনীন ব্যবহারবান্ধব পদ্ধতিতে নির্ভরযোগ্য, প্রাসঙ্গিক ও সময়োপযোগী তথ্য উপাত্ত সরবরাহের মাধ্যমে আন্তর্জাতিক মানের জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ।

মিশন:

(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দিকনির্দেশনায় ও নেতৃত্বে একটি সুসজ্জাত, পেশাদারি, দক্ষ ও কার্যকরী পরিসংখ্যান পদ্ধতি প্রতিষ্ঠা করা;

(২) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তথ্য-উপাত্ত ব্যবহারকারীদের চলমান ও ক্রমবর্ধমান চাহিদা মেটাতে স্বচ্ছ ও সময়োপযোগী প্রক্রিয়ায় আন্তর্জাতিক মান ও সর্বোত্তম পরিসংখ্যান চর্চার পদ্ধতি অনুসরণপূর্বক সরকারি পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশ করা।

বিবিএস এর কার্যাবলি:

(ক) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;

(খ) জনশুমারি, কৃষিশুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

গ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;

ঘ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;

(ঙ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ, পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(চ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ; যেকোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;

(ছ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;

(ঝ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;

(ঞ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization); এবং (ঞ) উপর্যুক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

কাজের বিবরণ:

নিয়মিত কার্যক্রমসমূহ:

১। ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন

২। ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ

৩। অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন

- ৪। মাসিক কৃষিমজুরীর হার নিরূপণ
- ৫। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান
- ৬। মৎস্য উৎপাদন জরিপ
- ৭। বন জরিপ
- ৮। গবাদিপশু ও হাঁসমুরগির প্রকল্প জরিপ
- ৯। প্রতি মাসের প্রথম সপ্তাহে এসভিআরএস প্রকল্পের তথ্যসংগ্রহ করা
- ১০। সেবাগ্রহীতার চাহিদা অনুযায়ী বিবিএস এর প্রকাশিত তথ্য অতিদ্রুততার সাথে সরবরাহ করা হয়।

অর্থবছর ২০২২ -২০২৩ এ বিবিএস পরিচালিত শুমারী ও জরিপসমূহ:

- ১। প্রায়োগিক স্বাক্ষরতা জরিপ (LAS)
- ২। আর্থ সামাজিক ও জনমিতিক জরিপ (SEDS)
- ৩। খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প (FIES)
- ৪। হস্ত ও কারুশিল্প পণ্য শিল্প

গত ২০২১-২২ ও ২০২২-২০২৩ অর্থবছরে মৌলভীবাজার সদর উপজেলা ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট, আলু) আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাব:

ফসলের নাম	অর্থবছর: ২০২১-২২		অর্থবছর: ২০২২-২৩	
	আবাদি জমির আয়তন (একর)	উৎপাদন (মে.টন)	আবাদি জমির আয়তন (একর)	উৎপাদন (মে.টন)
আউশ	১০৬৪০	১৪৫৯৮.৯	১০১৫৫	১৩৬৬৬.৬
আমন	৪৪৪৭৫	৫৮৭৬৯.০	৪৪৪৯২	৫৭৬১৮.৭
বোরো	২৪৮৮৯	৩৭৭৬৪.৫	২৪৮০৭	৩৮৫৫১.৮
পাট	০	০	০	০
গম	২৮	১৯.৮৮	৩১	২২.০১
আলু	৭১২	৩৭৭৬	৭৬৫	৪০৮৪.৪২

এ ছাড়া ১৪০ টি অপ্রধান ফসলের মধ্যে যে সকল ফসল মৌলভীবাজার সদর উপজেলায় চাষাবাদ করা হয় সেসকল ফসলের আয়তন (একরে), ও উৎপাদন দেওয়া হয়।


 ২২/১০/২০২৩
 শংকর সুলতানা
 পরিসংখ্যান তদন্তকারী
 ও
 ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ
 মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।